

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৯৪.২০১৪- ১১০

১১.১৪২২ বঙ্গাব্দ

তারিখঃ _____

০৭.০৩.২০১৬ খ্রিস্টাব্দ


প্রজ্ঞাপন

যেহেতু ডাঃ আখতার আহম্মেদ চৌধুরী (৩৮৭৯৮), জুনিয়র কনসালটেন্ট, ইএনটি, জেলা হাসপাতাল, শেরপুর গত ২৮.০৮.২০০৯খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু গত ২৭.০৮.২০১৪খ্রিঃ তারিখ সরকারি চাকুরীতে তাঁর অনুপস্থিতিকাল ধারাবাহিকভাবে ০৫(পাঁচ) বছর অতিক্রান্ত হয়েছে;

সেহেতু বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তাঁর চাকুরি স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ আখতার আহম্মেদ চৌধুরী (৩৮৭৯৮), জুনিয়র কনসালটেন্ট, ইএনটি, জেলা হাসপাতাল, শেরপুর এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ০৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ২৮.০৮.২০১৪খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।


(সৈয়দ মনজুরুল ইসলাম)
সচিব

উপপরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস
শেজগাঁও, ঢাকা

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৯০.২০১৪- ১১০/১৩০

তারিখঃ ০৭.০৩.২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি অভিযুক্তের স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
২. পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (কম্পিউটারে সংরক্ষণ করার জন্য অনুরোধ করা হল)।
৩. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, মতিঝিল, ঢাকা।
৪. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. সিভিল সার্জন কাম তত্ত্বাবধায়ক, জেলা হাসপাতাল, শেরপুর।
৬. সিনিয়র সহকারী সচিব (পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, শেরপুর।
৮. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৯. সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ আখতার আহম্মেদ চৌধুরী (৩৮৭৯৮), জুনিয়র কনসালটেন্ট, ইএনটি, জেলা হাসপাতাল, শেরপুর ((স্থায়ী ঠিকানাঃ- পিতা-আনোয়ারুল আবেদীন চৌধুরী, হাউজ-৩, রোড-৭-সি, সেক্টর-৩, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০)।


(আসমা তাসকিন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা

www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৩.২০১৫-৩১১


তারিখঃ ০৭.০৩.২০১৬খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ সুখেন্দু শেখর সেন (১১১৩৩৩), জুনিয়র কনসালটেন্ট (শিশু), ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৫.০১.২০১৬ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৩.২০১৫-৬১নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০২.০৩.২০১৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ সুখেন্দু শেখর সেন (১১১৩৩৩), জুনিয়র কনসালটেন্ট (শিশু), ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

উপপরিচালক


বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৯৩.২০১৫-১১২/২(৭)

তারিখঃ ০৭.০৩.২০১৬খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। ডাঃ সুখেন্দু শেখর সেন (১১১৩৩৩), জুনিয়র কনসালটেন্ট (শিশু), ২৫০ শয্যা বিশিষ্ট জেলা সদর হাসপাতাল, কক্সবাজার।


(আসমা তাসকিন)
উপ-সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪২.২০১১-১১১

তারিখঃ ০৭.০৩.২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ কানিজ ফাতেমা, আবাসিক মেডিকেল অফিসার, ২৫০ শয্যা বিশিষ্ট আধুনিক সদর হাসপাতাল, যশোর বিনামূলিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাকে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ এর ৩(বি) ধারায় বর্ণিত ছুটি ব্যতীত কর্ম হতে অনুপস্থিতির অপরাধে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের ০৪.১২.২০১১ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪২.২০১১-১২৪৮নং স্মারক মূলে বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারায় ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশটি ২৬.০৩.২০১২ তারিখে 'দৈনিক যুগান্তর' পত্রিকায় প্রকাশিত হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি এবং প্রাপ্ত কাগজপত্র ও নথি পর্যালোচনান্তে আপনাকে উল্লিখিত অধ্যাদেশের ৩(বি) ধারার অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, এর ৪(এ) ধারা মোতাবেক সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না-এ নোটিশ জারির/প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ কানিজ ফাতেমা
আবাসিক মেডিকেল অফিসার
২৫০ শয্যা বিশিষ্ট আধুনিক সদর হাসপাতাল, যশোর।
(স্থায়ী ঠিকানাঃ গ্রামঃ- কীর্তিপুর (পোলপাড়া কাজী অফিস),
পোঃ-ঝিকরগাছা, থানা- ঝিকরগাছা, জেলা-যশোর)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪২.২০১১-১১১

তারিখঃ ০৭.০৩.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৩। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, যশোর।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(আসমা তাসকিন)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪৪.২০১১-১১৬

তারিখঃ ১৭.০৩.২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ আব্দুল মজিদ (১০১৩০৩০), সহকারী সার্জন, শিবপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, গোবিন্দগঞ্জ, গাইবান্ধাকে ১৯৯৭ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ এর ৩ (বি) ধারায় বর্ণিত ছুটি ব্যক্তিত্ব কর্ম হতে অনুপস্থিতির অপরাধে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪৪.২০১১-১১৯৭ তারিখঃ ২২.১১.২০১১ মূলে বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারায় ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশটি ২৬.০৩.২০১২ তারিখে 'দৈনিক যুগান্তর' পত্রিকায় প্রকাশিত হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি এবং প্রাপ্ত কাগজপত্র ও নথি পর্যালোচনান্তে আপনাকে উল্লেখিত অধ্যাদেশের ৩ (বি) ধারার অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে ;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৭৯ সালের সরকারি কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, এর ৪ (এ) ধারা মোতাবেক সরকারী চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না-এ নোটিশ জারির/প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ আব্দুল মজিদ (১০১৩০৩০)

সহকারী সার্জন

শিবপুর ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র

গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-পুনতাইর, ডাকঘর-মহিমাগঞ্জ, উপজেলা-গোবিন্দগঞ্জ, জেলা-গাইবান্ধা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.২৪৪.২০১১- ১১৬/১(৪)

তারিখঃ ০৭.০৩.২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিভিল সার্জন, গাইবান্ধা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।

(আসমা ভাস্কিন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd